# বারিধারা ডিওএইচএস পরিষদ

## ঢাকা সেনানিবাস

### ৭৮তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১০ এপ্রিল ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৩ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
| --- | --- |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ ঃ* গত ১২ মার্চ ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৭৭তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-০২ ঃ* Service Providers এর দ্বারা নিয়োগপ্রাপ্ত সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ আনোয়ার হোসেন (অবঃ) এর বিরুদ্ধে বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের ২টি হল ব্যবহারকারীদের নিকট হতে প্রতিনিয়ত তার আচরণ ও ব্যবহারের ব্যাপারে অভিযোগ পাওয়া যাচ্ছে যা অত্র পরিষদ ও Service Provider উভয়ের জন্য বিপর্যয় ডেকে আনবে। উক্ত অবসরপ্রাপ্ত জেসিওকে শেষবারের জন্য সতর্ক করতে মেজর একেএম হাফিজুর রহমান (অবঃ) এর নিকট পত্র লিখতে হবে। এরপরেও তার আচার ব্যবহার কাঙ্খিত পর্যায়ে উন্নিত না হলে তাকে অপসারণের জন্য Service Provider দেরকে পত্র লিখা হবে। | কনভেনশন সেন্টার সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদ অফিসের অফিস সুপার সিনিঃ ওয়াঃ অফিঃ মোঃ রাশেদুল আলম (অবঃ) কে চাকুরী হতে অব্যাহতি দেয়ার ব্যাপারে আলোচনা হয়। অফিস সুপার তার নিয়োগ পত্রের শর্তানুযায়ী চাকুরীতে যোগদানের তারিখ হতে ০৬ (ছয়) মাস পর্যন্ত শিক্ষানবীশ অবস্থায় অফিসের কাজের কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি, অফিসের কোন কাজে আন্তরিক নয়, নিজের ব্যক্তিগত কাজে ব্যস্ত থাকায় ও অফিসের শৃঙ্খলা বজায় রাখতে না পারায় এবং অনেক গুরুত্বপূর্ণ পত্রে সভাপতির মন্তব্য থাকা সত্বেও ঐ পত্রের ব্যাপারে কোন পদক্ষেপ না নিয়ে ফেলে রাখায় পরিষদ সভাপতি ছুটির দিন শুক্রবারেও অফিসের কাজ করতে বাধ্য হন। বিষয়টি সভায় উত্থাপিত হলে উপস্থিত ইসি সদস্যগন অফিস সুপারকে এপ্রিল ২০১৪ মাসের পূর্ণবেতন প্রদান পূর্বক চাকুরী হতে অব্যাহতির জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* গত ০৪ এপ্রিল ২০১৪ তারিখ দুপুর ২টা হতে রাত ১০ পর্যন্ত পুকুরপাড়ে সিকিউরিটি সুপারভাইজার মোঃ মানিক মিয়া দায়িত্বরত ছিলেন। পুকুরপাড়ে ০৩ জন সিকিঃ গার্ড ও ০১ জন সুপারভাইজার ডিউটিরত থাকার পরও আনুমানিক ৮টার সময় সিএসডি'র সামনে ও যাতায়াতে কোন কর্তব্যরত গার্ড পাওয়া যায়নি এবং খোজাখুজির পর তাদেরকে লেডিস কর্ণারের পার্শ্বে খোশগল্প করতে দেখা যায়। পার্ক এলাকায় ঐ সময় বিদ্যুৎ ছিল না যার কারণে হাঁটারত বাসিন্দাগন নিরাপত্তাহীনতায় ভুগছিলেন। ডিউটি তদারকির জন্য সুপারভাইজার মোঃ মানিক মিয়াকে নিয়োগ করা হলেও তদারকি না করে সে সিকিঃ ব্যারাকে গিয়ে টিভি দেখেন যা কর্তব্য পালনে চরম গাফলতি এবং অমার্জনীয় অপরাধ। এছাড়া সুপারভাইজার মোঃ মানিক মিয়া অধিকাংশ সময় নিজে নেশাগ্রস্থ থাকেন বিধায় কোনকিছু জিজ্ঞেস করলে সঠিক তথ্য পাওয়া যায় না। উল্লেখিত ব্যাপারে সুপারভাইজার মোঃ মানিক মিয়ার কাছে জবানবন্দী চাওয়া হলে তিনি তা পরিষদে প্রেরণ করেন যা সভাপতি কর্তৃক প্রত্যাক্ষীত হয় এবং সভায় উপস্থিত সদস্যগন তা অগ্রহণযোগ্য বলে সুপারভাইজার মোঃ মানিক মিয়াকে চাকুরী হতে অব্যাহতির সিদ্ধান্ত গ্রহণ করে। | সভাপতি/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| ও সিদ্ধান্ত - ০৫ ঃ প্রধান মালী মোঃ জামাল উদ্দিন গত ২২ মার্চ হতে ২৮ মার্চ পর্যন্ত মোট ০৭ দিনের ছুটিতে যান। প্রাপ্য ছুটি ভোগ করার পর কর্তৃপক্ষের আদেশ/অনুমতি ছাড়াই অতিরিক্ত আরো ০৭ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন। উল্লেখ্য যে, বিগত ছুটিগুলোতেও ঐ একই নিয়মে অতিরিক্ত সময় বাড়ীতে থেকে আসেন যা অভ্যাসে পরিণত হয়েছে। তাছাড়া বিগত দিনে তাকে নেশাদ্রব্যসহ থানা পুলিশ আটক করে নিয়ে যাওয়ার ঘটনা রয়েছে। উপরোক্ত ছুটির অনিয়মের জন্য তার কাছে জবানবন্দী চাওয়া হলে সে জবানবন্দীতে যে মতামত পোষন করেন তা অত্র পরিষদ সভাপতির নিকট গ্রহণযোগ্য হয়নি বিধায় তা ইসি সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত সদস্যগনের সর্বসম্মতিক্রমে প্রধান মালী মোঃ জামাল উদ্দিনকে এপ্রিল মাসের বেতনসহ চাকুরী হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি<br>মেম্বার<br>এন্ড এ |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ</u> বারিধারা ডিওএইচএস এলাকায় ৩৬৬/৮ প্লট মালিক লে: কর্ণেল নাসির উদ্দিন আহম্মেদ (অব:) এর মসজিদ প্রাঙ্গনে রাখা অপ্রয়োজনীয় নির্মাণ সামগ্রী অপসারণের ব্যাপারে বারিধারা ডিওএইচএস পরিষদ এই মুহুর্তে কোন ব্যবস্থা গ্রহণ করবে না। উহা অপসারণের ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সভাপতি<br>সেক্রেটা |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ</u> বারিধারা ডিওএইচএস এলাকার সম্মানিত বাসিন্দাগণের সেবাপ্রদানের জন্য একটি এ্যাম্বুলেন্স রয়েছে যা চালনার জন্য একজন ড্রাইভার নিয়োগ দেয়া হয়েছে। অনেক সময় এ্যাম্বুলেন্স ড্রাইভারকে নিজস্ব প্রয়োজনে ছুটিতে যেতে হয়। শুক্রবারেও সাপ্তাহিক ছুটি ভোগ করার প্রয়োজন পড়ে যার কারণে অত্র এলাকার বাসিন্দাগন জরুরী প্রয়োজনে এ্যাম্বুলেন্স সেবা থেকে বঞ্চিত হন। তাই এ্যাম্বুলেন্সটি ২৪ ঘন্টা সচল রাখার জন্য আরও একজন এ্যাম্বুলেন্স ড্রাইভার নিয়োগ দেয়ার ব্যাপারে ইসি সভায় আলোচনা হয় এবং সভার সর্বসম্মতিক্রমে আরেকজন এ্যাম্বুলেন্স ড্রাইভার নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি<br>সেক্রেটা |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৮ ঃ</u> বারিধারা ডিওএইচএস এলাকার সম্মানিত বাসিন্দাদের জরুরী প্রয়োজনে প্লাম্বার ও ইলেকট্রিশিয়ানদের নাম ও মোবাইল নম্বর অত্র পরিষদ কর্তৃক প্রতিমাসে এসএমএস এর মাধ্যমে অত্র এলাকার বাসিন্দাদের অবহিত করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৯ ঃ</u> বারিধারা ডিওএইচএস এর পুকুর পাড়ে নির্মাণাধীন ফোয়ারাটি টেরাকোটা মুরাল দ্বারা সৌন্দর্য্য বৃদ্ধির জন্য দরপত্র নেয়া হয়েছিল। টেরাকোটার ব্যবহার অতি পুরাতন হওয়ায় উক্ত ফোয়ারাটি টাইলস মুরাল দ্বারা নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। অত্র এলাকার সম্মানিত সদস্যগনের চাহিদা অনুযায়ী উত্তর পার্শ্বের ওয়ালটি বর্ধিত করা হয়েছে এবং সেখানে একটি সুন্দর বানী স্থাপন করা হবে। টাইলস মুরাল ও টেরাকোটার মূল্যমানে তারতম্য রয়েছে। ফোয়ারার ব্যাপারে অতিরিক্ত খরচের বিষয়টি নির্বাহী পর্ষদ সভায় নীতিগতভাবে অনুমোদিত হয়। ফোয়ারা বাবদ প্রকৃত খরচ নির্বাহী পর্ষদের পরবর্তী সভায় অবহিত করা হবে। | সভাপতি<br>সেক্রেটা |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ ঃ</u> বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক কোন বড় ধরনের প্রকল্প গ্রহন করতে হলে প্রথমে ইসি কর্তৃক নীতিগতভাবে অনুমোদিত হতে হবে। পরবর্তীতে আর্থিক সংশ্লেষনসহ প্রকল্পের বিস্তারিত তথ্য সভায় উত্থাপন করে সদস্যগনের অনুমোদন গ্রহণ করতে হবে এবং অগ্রগতি অবহিত করতে হবে। | সভাপতি<br>সেক্রেটা |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১১ ঃ</u> British Council কর্তৃক আমাদের কমিউনিটি হল বুকিং এর ব্যাপারে প্রেরিত পত্রের বিষয়বস্তু নিয়ে দীর্ঘ আলোচনা হয় এবং শিক্ষার উপর গুরুত্বারোপ করতঃ Trial basis এ হল বরাদ্দের ব্যাপারে একটি Agreement করার জন্য সকল সদস্য একমত হন। | কনভেন<br>সেন্টার<br>কমিটি |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১২ ঃ</u> কনভেনশন সেন্টারের ৪র্থ তলার বড় হলসহ আর ০১টি হল বরাদ্দ দেয়ার জন্য বিজয় ক্যাটারিং সার্ভিসের একটি পত্রের উপর আলোচনা হয়। প্রস্তাবটি নির্বাহী পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়নি। প্রস্তাবটির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য এজিএম এ উত্থাপন করা যেতে পারে। | কনভেন<br>সেন্টার<br>কমিটি |
| <u>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩ ঃ</u> বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের কমিউনিটি হলের ভাড়ার হার সকল সম্মানিত সদস্য কর্তৃক নিম্নভাবে নির্ধারণ করা হয় ঃ<br><br><u>ক্যাটাগরী খ</u> - বেসামরিক কর্মকর্তা যারা বারিধারা ডিওএইচএস প্লট বরাদ্দ পেয়েছেন এবং ঢাকা সেনানিবাসের ডিএমএলএন্ডসি অফিস, এমইও অফিস এবং ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগনের নিজ স্ত্রী পুত্র ও কন্যাগন টাকা ৭.৫০০.০০ + ভ্যাট + সার্ভিস চার্জ। | কনভেন<br>সেন্টার<br>কমিটি |

| | |
|---|---|
| ক্যাটাগরী গ - বারিধারা ডিওএইচএস এর বেসামরিক প্লট/ফ্ল্যাট মালিকগন (ক্রয়সুত্রে) নিজ, স্ত্রী, পুত্র ও কন্যাগনের অনুষ্ঠানের জন্য টাকা ৭,৫০০.০০ + ভ্যাট + সার্ভিস চার্জ | |
| লোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের কনফারেন্স রুমে রোটারিয়ান কর্তৃক সাপ্তাহিক ত্তিতে সভা করার একটি প্রস্তাব মেজর কামরুল হাসান ভূইয়া (অবঃ) ও মেজর জেনাঃ মোহাম্মদ মাসুদুর মান, বিপি, পিএসসি (অবঃ) এর অনুরোধের পরিপ্রেক্ষিতে পরিষদের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কর্তৃক াপন করা হয়। পরিষদ কর্তৃক ব্যবহৃত কোন রুম বা হল অন্য কারও প্রয়োজনের জন্য বরাদ্দের উপর ষেধাজ্ঞা থাকায় নির্বাহী পরিষদের সভায় অনুমোদিত হয়নি। | সভাপতি/ সেক্রেটারী |
| লোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৫ ঃ বারিধারা ডিওএইচএস জামে মসজিদের বর্তমান অবস্থায় উন্নীত হওয়ার পেছনে নেক সদস্যের অবদান রয়েছে যা অনস্বীকার্য। সভা চলাকালে বর্তমান নির্বাহী পর্ষদের ট্রেজারার লেঃ কর্ণেল এইচএম রুহুল ইসলাম (অবঃ) এবং সম্মানিত সদস্য মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) বর্তমান ন্দর্য্যবর্ধন কার্যক্রমের উপর কিছু আপত্তি উত্থাপন করেন এবং বিষয়টি নিয়ে দীর্ঘ আলোচনা হয়। বিশেষ র পিলারের উপর আল্লাহতালার নাম খচিত কাঠের কারুকার্য অপসারণ করা এবং যত্রতত্র পড়ে থাকতে দেখে হত হন এবং ক্ষোভ প্রকাশ করেন। মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) কে এ সকল কার্যক্রমে ম্পৃক্ত না করায় তিনিও মসজিদ কমিটির একজন সদস্য হিসেবে উষ্মা প্রকাশ করেন। আলোচনা শেষে বিষয়টি কলে মেনে নেন। সিদ্ধান্ত অনুযায়ী আল্লাহতালার নাম খচিত উন্নতমানের ফলক নির্দিষ্ট স্থানে স্থাপন করা হবে। | ট্রেজারার/ মসজিদ সাব-কমিটি |
| লোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৬ঃ ফাইবার অপটিক ক্যাবল স্থাপনের নিমিত্তে HDD/Open Cut পদ্ধতিতে সড়ক নন কাজের অনুমতির ব্যাপারে পরিষদ সেক্রেটারী কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডে যে চিঠি পাঠানো হয়েছে সে াপারে টেকনিক্যাল সাব কমিটির কনভেনার, সদস্যগনের কোন আপত্তি না থাকলেও যে কোন চিঠি চূড়ান্ত রার পূর্বে প্রত্যেক সাব-কমিটির মতামত বা অবহিত করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করা হয়। পরবর্তী নর হতে উত্থাপিত প্রস্তাব অনুযায়ী কার্যকরী ব্যবস্থা নেয়া হবে মর্মে সভাপতি মহোদয় উপস্থিত সকল দস্যগনকে জ্ঞাত করেন। | সভাপতি/ টেকনিক্যাল সাব-কমিটি |
| লোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৭ঃ চৈত্র সংক্রান্তি ও বৈশাখী মেলার আয়োজন, স্টল বরাদ্দ, নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ, স্কৃতিক অনুষ্ঠান পরিচালনা ও মেলাটি উদ্বোধনের ব্যাপারে অত্র পরিষদের ভাইস প্রেসিডেন্ট ও কনভেনার, মস্ স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি কর্ণেল এস এম ফয়সাল (অবঃ) সকল সম্মানিত সদস্যকে বিস্তারিত বহিত করেন এবং সকলকে অংশগ্রহণের জন্য অনুরোধ করেন। | ভাইস প্রেসিডেন্ট |
| লোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৮ঃ অফিসের কাজে আসা-যাওয়ার জন্য প্রতিদিন রিক্সা ভাড়া বাবদ প্রায় ১২+১২=২৪ কা খরচের বিষয়টি কতিপয় সদস্যগন উত্থাপন করেন। বিষদ আলোচনার পরে অফিসে আসার যাওয়ার জন্য ন Conveyance না নেয়ার সিদ্ধান্ত হয়। তবে অফিসের প্রয়োজনে ক্যান্টনমেন্ট বোর্ড, মএলএন্ডসি/এমইও, সেনাসদর বা শহরের অন্যত্র যাতায়াত করলে Requistion এর মাধ্যমে যাতায়াত া নেয়া যাবে। এ ব্যাপারে বাজেট-২০১৪ এর সংশ্লিষ্ট খাতে প্রয়োজনীয় বরাদ্ধ রাখার এবং তা এজিএম এ স্থাপন করে অনুমোদন নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী/ ট্রেজারার |
| লোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৯ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক সতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ নুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় নুমোদিত হয়। | ট্রেজারার |

সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

র্ণেল এম আব্দুল হাই
াপতি
তারিখ ঃ ১৫ এপ্রিল ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ ১৫ এপ্রিল ২০১৪

তরণ ক্রম ঃ

ম্মানিত সকল ইসি সদস্য